চিটাগাং ড্রাই ডক লিমিটেড
বাংলাদেশ নৌবাহিনী
পূর্ব পতেঙ্গা, চট্টগ্রাম

২৩.০২.১৫৬৫.৩৪১.১১.০০১.২০.

২২ শ্রাবণ ১৪২৭
২৭ জুলাই ২০২০

## নিয়োগ বিজ্ঞপ্তি

চিটাগাং ড্রাই ডক লিমিটেড (সিডিডিএল), বাংলাদেশ নৌবাহিনী, পোঃ বক্স নং-২০০৭ (বন্দর), পূর্ব পতেঙ্গা, চট্টগ্রাম এর জন্য নিম্নোক্ত পদে চুক্তিভিত্তিক নিয়োগের নিমিত্তে প্রকৃত বাংলাদেশী নাগরিকের নিকট থেকে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১। | সহকারী প্রকৌশলী (যন্ত্রকৌশল)<br>(জাতীয় বেতন স্কেল ২০১৫ গ্রেড- ০৯) | ০১ | অনূর্ধ্ব - ৩০ বছর।<br>(বিশেষ অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য) | সংশ্লিষ্ট বিষয়ে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি। সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট এ অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ২। | সহকারী প্রকৌশলী (পুরকৌশল)<br>(জাতীয় বেতন স্কেল ২০১৫ গ্রেড- ০৯) | ০১ | অনূর্ধ্ব - ৩০ বছর।<br>(বিশেষ অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য) | সংশ্লিষ্ট বিষয়ে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী। |
| ৩। | টেকনিশিয়ান (আইটি)<br>(জাতীয় বেতন স্কেল ২০১৫ গ্রেড- ১৬) | ০১ | অনূর্ধ্ব - ৩০ বছর।<br>(বিশেষ অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য) | এইচএসসি/সমমান পাস এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা।<br>(আইটি/নেটওয়ার্কিং/সফটওয়্যার বিষয়ে ডিপ্লোমাধারী প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে) |
| ৪। | নিম্নমান করণিক-কাম-কম্পিউটার অপারেটর<br>(জাতীয় বেতন স্কেল ২০১৫ গ্রেড -১৬) | ০১ | অনূর্ধ্ব - ৩০ বছর।<br>(বিশেষ অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য)। | এইচএসসি/সমমান পাস এবং প্রতি মিনিটে ইংরেজী ৩৫ শব্দ এবং বাংলা ২৫ শব্দ টাইপের গতিসহ কম্পিউটার পরিচালনায় পারদর্শী হতে হবে। |

আবেদনপত্র গ্রহণের শেষ তারিখ ও সময় : ০৯ আগস্ট ২০২০ ইং বিকাল ৫.০০ ঘটিকা।

নিয়মাবলীঃ

১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।

২। খামের উপর আবেদনকৃত পদের নাম এবং বিজ্ঞপ্তির সূত্র নম্বর উল্লেখ করতে হবে।

৩। আবেদনপত্র প্রতিষ্ঠান হতে সংগ্রহ করা যাবে। এছাড়া, প্রতিষ্ঠানের ওয়েবসাইট থেকে নির্ধারিত আবেদন ফর্ম ডাউনলোড করে দরখাস্ত করা যাবে। প্রতিষ্ঠানের ওয়েবসাইট www.cddl.gov.bd এর 'Career' অপশনে গিয়ে 'Apply Online' থেকেও সরাসরি আবেদন করা যাবে। তবে সেক্ষেত্রে পরীক্ষার সময় ০৪ কপি পাসপোর্ট সাইজের ছবি, বোর্ড/বিশ্ববিদ্যালয় হতে অর্জিত সকল ডিগ্রির মূল কপি অবশ্যই সাথে আনতে হবে।

৪। প্রার্থীকে অবশ্যই আবেদনপত্রের সাথে ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সকল প্রকার শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, জাতীয় পরিচয়পত্র ও অভিজ্ঞতা সনদপত্রের (প্রযোজ্য ক্ষেত্রে) অনুলিপি সংযুক্ত করতে হবে; অন্যথায় আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্রের সাথে সম্প্রতি তোলা ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।

৫। যে সকল আবেদনকারীর আবেদনপত্র প্রাথমিক বাছাইয়ের পর গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে, তাদেরকে পরীক্ষায় অংশগ্রহণ করার জন্য অবহিত করা হবে। সিডিডিএল কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন আবেদনপত্র বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

৬। সিডিডিএল এ চাকরিকালে কর্মক্ষমতার উপযুক্ত প্রমাণ সাপেক্ষে নির্দিষ্ট সময় পর প্রতিষ্ঠানের নিয়মানুযায়ী চাকরি স্থায়ী করা হতে পারে।

৭। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেওয়া হবে না।

৮। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৯। বিজ্ঞপ্তিতে শূন্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি বা বিজ্ঞপ্তি সংশোধন/বাতিল/প্রত্যাহারের সর্বসত্ত্ব অধিকার সিডিডিএল কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১০। সিডিডিএল এর চাকরি হতে বহিস্কৃত হলে চাকরিতে আবেদনের অযোগ্য হিসেবে বিবেচিত হবে।

বিঃ দ্রঃ- সিডিডিএল সকল চুক্তিভিত্তিক কর্মচারীদেরকে প্রতিষ্ঠানের নিয়মানুযায়ী বিভিন্ন বোনাস, পোশাক, যাতায়াত, বিদেশে প্রশিক্ষণ/ভ্রমণ, সন্তানদের লেখাপড়ার ভাতা, সহজ শর্তে ঋণ প্রভৃতি সুযোগ-সুবিধা প্রদান করে থাকে।

এম সাইফুর রহমান
ক্যাপ্টেন বিএন
পক্ষে ব্যবস্থাপনা পরিচালক

D:\PC-1\2020\Advertisement ( NAVY)\2020\JULY-20\Contractual\IT Tecnitian+Ast Engr.doc

Scanned with CamScanner